

সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৬৬

২০. কোমলতা অধ্যায় (كتاب الرفاق)

পরিচ্ছেদঃ ১০৫. আল্লাহ তাঁর সালিহীন (নেককার) বান্দাদের জন্য যে নে'আমত প্রস্তুত করে রেখেছেন

بَاب مَا أَعَدَّ اللَّهُ لِعِبَادِهِ الصَّالِحِينَ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَمْرٍو عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ اللَّهُ عَزَّ وَجَلَّ أَعَدَدْتُ لِعِبَادِي الصَّالِحِينَ مَا لَا عَيْنٌ رَأَتْ وَلَا أُذُنٌ سَمِعَتْ وَلَا خَطَرَ عَلَى قَلْبِ بَشَرٍ وَاقرءوا إِن شِئْتُمْ فَلَا تَعْلَمُ نَفْسٌ مَا أُخْفِيَ لَهُمْ مِنْ قُرَّةٍ أَعْيُنٍ جَزَاءً بِمَا كَانُوا يَعْمَلُونَ

বাংলা

২৮৬৬. আবু হুরায়রা রাঈয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন: “আল্লাহ বলেন, আমি আমার সালিহীন (নেককার) বান্দাদের জন্য যে নে'আমত প্রস্তুত করে রেখেছি, তা কোন চোখ কখনও দেখেনি, কোন কান কখনো শুনেনি এবং কোন মানুষের অন্তরের কল্পনা তার ধারণাও করতে পারেনি।’ তোমরা ইচ্ছা করলে পাঠ কর: কেউই জানে না তাদের জন্য নয়ন প্রীতিকর কি লুকায়িত রাখা হয়েছে তাদের কৃতকর্মের পুরস্কার স্বরূপ। [1] (সূরা সিজদা ৩২: ১৭)

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ হাসান। (তবে হাদীসটি সহীহ), এটি বুখারী ও মুসলিম সম্মিলিতভাবে বর্ণনা করেছেন।

তাখরীজ: বুখারী, বাদউল খালক ৩২৪৪; মুসলিম, জান্নাত ২৮২৪।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৬২৭৬ ও সহীহ ইবনু হিব্বান নং ৩৬৯ তে।

সংযোজনী: এছাড়াও, বাইহাকী, বায়াছ ওয়ান নুশর নং ৩৮৯; আবী নুয়াইম, সিফাতুল জান্নাত নং ১০৯-১১৫; হিলইয়া ৯/২৬; হুমাম ইবনু মামবাহ, তার সহীহফাতে নং ৩১। ((আহমাদ ২/৩১৩, ৩৭০, ৪১৬, ৪৩৮, ৪৬২, ৪৯৫, ৫০৬; তিরমিযী, তাফসীর ৩২৯২; ইবনু মাজাহ, যুহদ ৪৩২৮।-ফাওয়ায আহমেদের দারেমীর টীকা

হা/২৮২৮ ১- অনুবাদক))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=83151>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন